

অধ্যায় ১১

পরিমাপ



■ অনুশীলনীর (১১ক) প্রশ্ন ও সমাধান

১. রাজুর উচ্চতা ১.৩৫ মি এবং তার ভাইয়ের উচ্চতা ৯.৬ ডেসি মি। তাদের দুইজনের উচ্চতার পার্থক্য কত সেন্টিমিটার?

সমাধান :

$$\text{রাজুর উচ্চতা } ১.৩৫ \text{ মিটার} = ১.৩৫ \times ১০ \text{ ডেসি মি}$$

$$= ১৩.৫ \text{ ডেসি মি}$$

তার ভাইয়ের উচ্চতা ৯.৬ ডেসি মি

$$\text{তাদের দুইজনের উচ্চতার পার্থক্য} = (১৩.৫ - ৯.৬) \text{ ডেসি মি.}$$

$$= ৩.৯ \text{ ডেসি মি}$$

$$= (৩.৯ \times ১০) \text{ সেমি}$$

$$= ৩৯ \text{ সেমি}$$

উত্তর : ৩৯ সেমি।

২. একজন দর্জির কাছে ৩৭৫ সেন্টিমিটার সুতি কাপড় আছে এবং তিনি এ কাপড় দিয়ে ১৫টি শার্ট তৈরি করতে চান। তিনি প্রতিটি শার্টের জন্য কত সেন্টিমিটার কাপড় ব্যবহার করতে পারবে?

সমাধান :

১৫টি শার্ট তৈরির জন্য কাপড় আছে ৩৭৫ সেন্টিমিটার

$$\therefore ১টি \text{ " " " " " } \frac{৩৭৫}{১৫}$$

$$= ২৫ \text{ সেন্টিমিটার।}$$

উত্তর : ২৫ সেন্টিমিটার।

৩. রেজা প্রতি মিনিটে ৪৫ মিটার করে হাঁটে এবং মিনা প্রতি সেকেন্ডে ৮০ সেন্টিমিটার করে হাঁটে। কে দ্রুত হাঁটে?

সমাধান :

$$১ \text{ মিনিট} = ৬০ \text{ সেকেন্ড}$$

মিনা ১ সেকেন্ড হাঁটে ৮০ সেন্টিমিটার

$$\therefore \text{" " " " } ৮০ \times ৬০ \text{ সেন্টিমিটার}$$

$$= ৪৮০০ \text{ সেন্টিমিটার}$$

$$= \frac{৪৮০০}{১০০} \text{ মিটার} = ৪৮ \text{ মিটার।}$$

মিনা প্রতি মিনিটে হাঁটে ৪৮ মিটার।

এখানে $৪৫ < ৪৮$

\therefore মিনা দ্রুত হাঁটে।

উত্তর : মিনা।

৪. লতিফ বাজারে গিয়ে ৩.৫ কেজি চাল, ৮ হেগ্রা সবজি এবং ২৪০০ গ্রাম মাংস কিনলেন। তিনি মোট কত কেজি বাজার করলেন?

সমাধান :

$$৮ \text{ হেগ্রা} = \frac{৮}{১০} \text{ কেজি} = ০.৮ \text{ কেজি}$$

$$২৪০০ \text{ গ্রাম} = \frac{২৪০০}{১০০০} \text{ কেজি} = ২.৪ \text{ কেজি}$$

$$\therefore \text{লতিফের মোট বাজার} = (৩.৫ + ০.৮ + ২.৪) \text{ কেজি}$$

$$= ৬.৭ \text{ কেজি}$$

উত্তর : ৬.৭ কেজি

৫. একটি বইয়ের ওজন ১২৪ গ্রাম। ৮০টি বইয়ের ওজন কত কেজি হবে?

সমাধান :

১টি বইয়ের ওজন ১২৪ গ্রাম

$$\therefore ৮০টি \text{ " " } (৮০ \times ১২৪) \text{ গ্রাম}$$

$$= ৯৯২০ \text{ গ্রাম} = \frac{৯৯২০}{১০০০} \text{ কেজি}$$

$$[\because ১০০০ \text{ গ্রাম} = ১ \text{ কেজি}]$$

$$= ৯.৯২ \text{ কেজি}$$

উত্তর : ৯.৯২ কেজি।

৬. ৮ জন লোকের ওজন ৪৫১.২ কেজি। তাদের গড় ওজন কত হেক্টোগ্রাম?

সমাধান : ৮ জন লোকের ওজন ৪৫১.২ কেজি

$$\therefore \text{তাদের গড় ওজন} = (৪৫১.২ \div ৮) \text{ কেজি}$$

$$= ৫৬.৪ \text{ কেজি}$$

$$= (৫৬.৪ \times ১০) \text{ হেক্টোগ্রাম}$$

$$[\because ১ \text{ কেজি} = ১০ \text{ হেক্টোগ্রাম}]$$

$$= ৫৬৪ \text{ হেক্টোগ্রাম}$$

উত্তর : ৫৬৪ হেক্টোগ্রাম।

৭. একটি বোতলে ৭৫ সেন্টিলিটার তেল ছিল। শান্তি ওই বোতল থেকে ১৮০ মিলিলিটার তেল ব্যবহার করার পর বোতলে আর কত লিটার তেল অবশিষ্ট রয়েছে?

সমাধান : বোতলে তেল ছিল ৭৫ সেলি

$$\text{শান্তি তেল ব্যবহার করেছে} = ১৮০ \text{ মিলি}$$

$$= \frac{১৮০}{১০} \text{ সেলি} [\because ১০ \text{ মিলি} = ১ \text{ সেলি}]$$

$$= ১৮ \text{ সেলি}$$

$$\therefore \text{তেল অবশিষ্ট রয়েছে} = (৭৫ - ১৮) \text{ সেলি}$$

$$= ৫৭ \text{ সেলি}$$

$$= \frac{৫৭}{১০০} \text{ লিটার} [১০০০ \text{ সেলি} = ১ \text{ লিটার}]$$

$$= ৫৭ \text{ সেলি}$$

উত্তর : ০.৫৭ লি।

৮. একটি বোতলে আমের জুসের পরিমাণ ৩৫০ মিলি। ২৪টি বোতলে জুসের পরিমাণ কত লিটার?

সমাধান :

$$১টি \text{ বোতলে আমের জুসের পরিমাণ } ৩৫০ \text{ মিলি}$$

৮। ১ ডেকামি ৮ মিটার = কত মিটার?

উত্তর : ১৮ মিটার

৯। এক কিলোমিটার = কত মিটার?

উত্তর : ১০০০ মিটার।

১০। কত কুইন্টালে ১ মেট্রিকটন?

উত্তর : ১০ কুইন্টাল।

১১। ৪২৩০০ গ্রাম = কত কুইন্টাল?

উত্তর : ০.৪২৩ কুইন্টাল।

১২। ১ লিটার সমান কত ঘন সেমি?

উত্তর : ১০০০ ঘন সেমি।

১৩। ৯৮৭৫৪৩ কিলোগ্রামে কত মেট্রিকটন?

উত্তর : ৯৮৭.৫৪৩ মেট্রিকটন।

☛ সাধারণ :

১৪। তরল পদার্থের আয়তন পরিমাপের মূল একক কী?

উত্তর : লিটার

১৫। ওজন পরিমাপের মূল একক কী?

উত্তর : গ্রাম

১৬। এক মেট্রিক টন = কত কিলোগ্রাম?

উত্তর : ১০০০ কিলোগ্রাম

১৭। তরল পদার্থের আয়তন পরিমাপের আন্তর্জাতিক একক কী?

উত্তর : ঘন মিটার।

১৮। দৈর্ঘ্য পরিমাপের মূল একক কী?

উত্তর : মিটার

১৯। তরল পদার্থের আয়তন পরিমাপের আন্তর্জাতিক একক কী?

উত্তর : ঘনমিটার

২০। ১ কুইন্টাল = কত কিলোগ্রাম?

উত্তর : ১০০ কিলোগ্রাম

■ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

☛ যোগ্যতাভিত্তিক :

প্রশ্ন ১। ১। একটি বড় বালতিতে ৪০ লিটার পানি ধরে।

(ক) অনুরূপ ৭৫টি বালতিতে কত লিটার পানি ধরবে? ৩

(খ) যদি তুমি অনুরূপ ৭ একটি খালি বালতি পানি দ্বারা পূর্ণ করতে চাও, তাহলে ৫০০ মিলি লিটার পানি ধরে এমন মগের কত মগ পানি লাগবে? ৩

(গ) পানি ভর্তি বালতি থেকে ১৪ লিটার ৫০০ মিলিলিটার পানি ফেলে দিলে ঐ বালতিতে আর কি পরিমাণ পানি থাকবে? ২

১ নং প্রশ্নের সমাধান

(ক) ১টি বালতিতে পানি ধরে ৪০ লিটার
৭৫ " " " (৪০ × ৭৫) লিটার
= ৩০০০ লিটার।

উত্তর : ৩০০০ লিটার।

(খ) আমরা জানি, ১ লিটার = ১০০০ মিলি লিটার
৪০ লিটার = (১০০০ × ৪০) মিলি লিটার
= ৪০০০০ মিলি লিটার

∴ পানি লাগবে (৪০০০০ ÷ ৫০০) মগ বা ৮০ মগ

উত্তর : ৮০ মগ।

(গ) মোট পানি ৪০ লিটার ০০০ মিলিলিটার
পানি ফেলে দিল ১৪ লিটার ৫০০ মিলিলিটার
পানি থাকবে ২৫ লিটার ৫০০ মিলিলিটার

উত্তর : ২৫ লিটার ৫০০ মিলিলিটার।

প্রশ্ন ২। ২। একটি বড় কবে ২০০ বস্তা আলু আছে। প্রতি বস্তায় ১০০ কেজি করে আলু আছে। [প্রা. শি. স. প. '১৫]

(ক) ঐ কবে মোট কত মেট্রিক টন আলু আছে? ৩

(খ) যদি প্রতি বস্তা আলু ২১০০ টাকা দরে বিক্রয় করা হয়, তাহলে প্রতি কেজি আলুর দাম কত টাকা? ২

(গ) যদি কোনো ব্যক্তি ২৫ কুইন্টাল আলু রাখতে চায় তাহলে অনুরূপ কয়টি বস্তা লাগবে? ৩

২ নং প্রশ্নের সমাধান

(ক) ঐ কবে আলু আছে = (২০০ × ১০০) কেজি
= ২০০০০ কেজি

∴ মোট আলু আছে = (২০০০০ ÷ ১০০০) মেট্রিক টন
= ২০ মেট্রিক টন।

[∴ ১০০০ কেজি = ১ মেট্রিক টন]

উত্তর : ২০ মেট্রিক টন।

(খ) প্রতি বস্তায় আলু আছে ১০০ কেজি
১০০ কেজি আলুর মূল্য ২১০০ টাকা
১ " " " $\frac{২১০০}{১০০}$ টাকা
= ২১ টাকা

উত্তর : ২১ টাকা।

(গ) আমরা জানি, ১ কুইন্টাল = ১০০ কেজি
২৫ " = (১৫ × ১০০) কেজি
= ২৫০০ কেজি।

∴ বস্তা লাগবে = (২৫০০ ÷ ১০০) টি
= ২৫টি

উত্তর : ২৫টি।

প্রশ্ন ৩। ৩। একজন দর্জির কাছে ৩৭৫ সেন্টিমিটার সুতি কাপড় আছে এবং তিনি এ কাপড় দিয়ে ১৫টি শার্ট তৈরি করতে চান।

(ক) কাপড়ের পরিমাপকে মিলিমিটারে প্রকাশ কর। ১

(খ) তিনি প্রতিটি শার্টে কত সে.মি. কাপড় ব্যবহার করতে পারবেন? ২

(গ) প্রতিটি শার্টের মজুরী ২৫০ টাকা হলে দর্জির মোট মজুরী কত হবে? ২

(ঘ) কাপড়ের পরিমাপকে মিটারে প্রকাশ করলে ১০টি শার্ট তৈরিতে তার কী পরিমাপ কাপড় লাগবে? ৩

৩ নং প্রশ্নের সমাধান

(ক) দেওয়া আছে, কাপড়ের পরিমাপ ৩৭৫ সেন্টিমিটার
= (৩৭৫ × ১০) মিলিমিটার
= ৩৭৫০ মিলিমিটার।

- উত্তর : ৩৭৫০ মিলিমিটার।
- (খ) তিনি প্রতিটি শার্টে ব্যবহার করতে পারবেন
 $= (৩৭৫ \div ১৫)$ সেমি
 $= ২৫$ সেমি।
- উত্তর : ২৫ সেমি।
- (গ) দর্জির মোট মজুরী হবে $= (২৫০ \times ১৫)$ টাকা
 $= ৩৭৫০$ টাকা।
- উত্তর : ৩৭৫০ টাকা।
- (ঘ) খ থেকে পাই, প্রতিটি শার্টির জন্য কাপড় লাগবে ২৫ সেমি।
 প্রতিটি শার্টির জন্য প্রয়োজনীয় কাপড়ের পরিমাপকে
 মিটারে পরিমাপ করে পাই $= (২৫ \div ১০০)$ মি
 $= ০.২৫$ মি
 \therefore ১০টি শার্টির জন্য কাপড় লাগবে $= (০.২৫ \times ১০)$ মি
 $= ২.৫$ মি

উত্তর : ২.৫ মি।

প্রশ্ন ৪ ৥ লতিফ মিয়া মালেকের কাছে ১২৭ কেজি ২৫৬ গ্রাম, খালেকের কাছে ১৩৪ কেজি ১২৫ গ্রাম এবং লিটনের কাছে ৮৯ কেজি ৩৪৮ গ্রাম আলু বিক্রি করলেন।

- (ক) খালেক লিটন অপেবা কী পরিমাণ আলু বেশি কিনলেন? ২
- (খ) তিনি মোট কতটুকু আলু বিক্রি করলেন? ২
- (গ) বিক্রিত আলুর পরিমাণকে গ্রামে প্রকাশ কর। ২
- (ঘ) তিনি কত কুইন্টাল আলু বিক্রি করলেন? ২

৪ নং প্রশ্নের সমাধান

- (ক) খালেক কিনলেন ১৩৪ কেজি ১২৫ গ্রাম
 লিটন কিনলেন ৮৯ কেজি ৩৪৮ গ্রাম
 লিটন অপেবা খালেক বেশি কিনলেন ৪৪ কেজি ৭৭৭ গ্রাম
- উত্তর : ৪৪ কেজি ৭৭৭ গ্রাম।
- (খ) মালেকের কাছে বিক্রি করলেন ১২৭ কেজি ২৫৬ গ্রাম
 খালেকের কাছে বিক্রি করলেন ১৩৪ কেজি ১২৫ গ্রাম
 লিটনের কাছে বিক্রি করলেন ৮৯ কেজি ৩৪৮ গ্রাম
 তিনি বিক্রি করলেন মোট ৩৫০ কেজি ৭২৯ গ্রাম

উত্তর : ৩৫০ কেজি ৭২৯ গ্রাম।

- (গ) বিক্রিত আলুর পরিমাণ ৩৫০ কেজি ৭২৯ গ্রাম
 $= ৩৫০ \times ১০০০$ গ্রাম + ৭২৯ গ্রাম
 $= ৩৫০০০০$ গ্রাম + ৭২৯ গ্রাম
 $= ৩৫০৭২৯$ গ্রাম

উত্তর : ৩৫০৭২৯ গ্রাম।

- (ঘ) বিক্রিত আলুর পরিমাণ ৩৫০৭২৯ গ্রাম [‘খ’ থেকে]
 $= \frac{৩৫০৭২৯}{১০০০}$ কেজি
 $= ৩৫০.৭২৯$ কেজি
 $= \frac{৩৫০.৭২৯}{১০০}$ কুইন্টাল
 $= ৩.৫০৭২৯$ কুইন্টাল

উত্তর : ৩.৫০৭২৯ কুইন্টাল।

প্রশ্ন ৫ ৥ আজিজ সাহেব ৪৫ কিলোগ্রাম আলু থেকে ২৮ কিলোগ্রাম ৪২৫ গ্রাম আলু বিক্রি করলেন।

- (ক) ৪৫ কিলোগ্রাম কত গ্রাম? ২
- (খ) ২৮ কিলোগ্রাম ২৫ গ্রামকে কিলোগ্রাম এককে প্রকাশ কর। ২
- (গ) আজিজ সাহেবের কাছে আর কতটুকু আলু রইল? ২
- (ঘ) অবশিষ্ট আলুর পরিমাণকে কুইন্টালে প্রকাশ কর। ২

৫ নং প্রশ্নের সমাধান

- (ক) ৪৫ কিলোগ্রাম $= ৪৫ \times ১০০০$ গ্রাম
 $= ৪৫০০০$ গ্রাম

উত্তর : ৪৫০০০ গ্রাম।

- (খ) ২৮ কিলোগ্রাম ২৫ গ্রাম $= ২৮$ কিলোগ্রাম + $\frac{২৫}{১০০০}$ কিলোগ্রাম
 $= ২৮$ কিলোগ্রাম + ০.০২৫ কিলোগ্রাম
 $= ২৮.০২৫$ কিলোগ্রাম

উত্তর : ২৮.০২৫ কিলোগ্রাম।

- (গ) আজিজ সাহেবের—

আলু ছিল ৪৫ কিলোগ্রাম ০ গ্রাম

বিক্রি করলেন ২৮ কিলোগ্রাম ৪২৫ গ্রাম

অবশিষ্ট রইল ১৬ কিলোগ্রাম ৫৭৫ গ্রাম

উত্তর : ১৬ কিলোগ্রাম ৫৭৫ গ্রাম।

- (ঘ) অবশিষ্ট আলুর পরিমাণ $= ১৬$ কিলোগ্রাম ৫৭৫ গ্রাম [‘গ’ থেকে]
 $= ১৬$ কিলোগ্রাম + $\frac{৫৭৫}{১০০০}$ কিলোগ্রাম
 $= ১৬$ কিলোগ্রাম + ০.৫৭৫ কিলোগ্রাম
 $= ১৬.৫৭৫$ কিলোগ্রাম
 $= \frac{১৬.৫৭৫}{১০০}$ কুইন্টাল
 $= ০.১৬৫৭৫$ কুইন্টাল

উত্তর : ০.১৬৫৭৫ কুইন্টাল।

প্রশ্ন ৬ ৥ রহিমের ওজন ২৮ কিলোগ্রাম ৮ হে. গ্রাম ৯ ডে. গ্রাম ৫ গ্রাম, জহিরের ওজন ৩৫ কিলোগ্রাম ৭ ডে. গ্রাম ৮ গ্রাম এবং চন্দনের ওজন ৩০ কিলোগ্রাম ৫ গ্রাম।

- (ক) রহিমের ওজন কত গ্রাম? ২
- (খ) জহিরের ওজন কত কিলোগ্রাম? ২
- (গ) চন্দনের ওজন কত গ্রাম? ২
- (ঘ) তিন জনের একত্রে ওজন কত? ২

৬ নং প্রশ্নের সমাধান

- (ক) রহিমের ওজন $= ২৮$ কিলোগ্রাম ৮ হে. গ্রাম ৯ ডে. গ্রাম ৫ গ্রাম
 $= ২৮ \times ১০০০$ গ্রাম + ৮×১০০ গ্রাম + ৯
 $\times ১০$ গ্রাম + ৫ গ্রাম
 $= ২৮০০০$ গ্রাম + ৮০০ গ্রাম + ৯০ গ্রাম + ৫ গ্রাম
 $= ২৮৮৯৫$ গ্রাম

উত্তর : ২৮৮৯৫ গ্রাম।

- (খ) জহিরের ওজন $= ৩৫$ কিলোগ্রাম ৭ ডে. গ্রাম ৮ গ্রাম
 $= ৩৫$ কিলোগ্রাম + $\frac{৭}{১০০}$ কিলোগ্রাম + $\frac{৮}{১০০০}$ কিলোগ্রাম
 $= ৩৫$ কিলোগ্রাম + ০.০৭ কিলোগ্রাম + ০.০০৮ কিলোগ্রাম

$$= ৩৫.০৭৮ \text{ কিলোগ্রাম}$$

উত্তর : ৩৫.০৭৮ কিলোগ্রাম।

(গ) চন্দনের ওজন = ৩০ কিলোগ্রাম ৫ গ্রাম
 $= ৩০ \times ১০০০ \text{ গ্রাম} + ৫ \text{ গ্রাম}$
 $= ৩০০০০ \text{ গ্রাম} + ৫ \text{ গ্রাম}$
 $= ৩০০০৫ \text{ গ্রাম}$

উত্তর : ৩০০০৫ গ্রাম।

(ঘ) রহিমের ওজন = ২৮৮৯৫ গ্রাম
 $= \frac{২৮৮৯৫}{১০০০} \text{ কিলোগ্রাম}$
 $= ২৮.৮৯৫ \text{ কিলোগ্রাম}$

জহিরের ওজন = ৩৫.০৭৮ কিলোগ্রাম

চন্দনের ওজন = ৩০০০৫ গ্রাম = $\frac{৩০০০৫}{১০০০} \text{ কিলোগ্রাম} = ৩০.০০৫ \text{ কিলোগ্রাম}$

∴ তিন জনের একত্রে ওজন

$$= (২৮.৮৯৫ + ৩৫.০৭৮ + ৩০.০০৫) \text{ কিলোগ্রাম}$$

$$= ৯৩.৯৭৮ \text{ কিলোগ্রাম}$$

উত্তর : ৯৩.৯৭৮ কিলোগ্রাম।

প্রশ্ন II ৭ II ৬৭ কিলোগ্রাম ৯৮ গ্রাম ৬৭ সেন্টিগ্রাম ৮ মিলিগ্রাম।

- (ক) ৬৭ সেন্টিগ্রাম ৮ মিলিগ্রামকে সেন্টিগ্রাম এককে প্রকাশ কর। ২
 (খ) ৬৭ কিলোগ্রাম ৯৮ সেন্টিগ্রাম = কত কিলোগ্রাম? ২
 (গ) প্রদত্ত রাশিটিকে কিলোগ্রাম এককে প্রকাশ কর। ২
 (ঘ) 'গ' এ প্রাপ্ত ফলাফলকে কুইন্টালে প্রকাশ কর। ২

৭ নং প্রশ্নের সমাধান

(ক) ৬৭ সেন্টিগ্রাম ৮ মিলিগ্রাম = ৬৭ সেন্টিগ্রাম + $\frac{৮}{১০}$ সেন্টিগ্রাম
 $= ৬৭ \text{ সেন্টিগ্রাম} + ০.৮ \text{ সেন্টিগ্রাম}$
 $= ৬৭.৮ \text{ সেন্টিগ্রাম}$

উত্তর : ৬৭.৮ সেন্টিগ্রাম।

(খ) ৬৭ কিলোগ্রাম ৯৮ গ্রাম = ৬৭ কিলোগ্রাম + $\frac{৯৮}{১০০০}$ গ্রাম
 $= ৬৭ \text{ কিলোগ্রাম} + ০.০৯৮ \text{ কিলোগ্রাম}$
 $= ৬৭.০৯৮ \text{ কিলোগ্রাম}$

উত্তর : ৬৭.০৯৮ কিলোগ্রাম।

(গ) 'খ' থেকে পাই, ৬৭ কিলোগ্রাম ৯৮ গ্রাম = ৬৭.০৯৮ কিলোগ্রাম
 'খ' থেকে পাই, ৬৭ সেন্টিগ্রাম ৮ মিলিগ্রাম = ৬৭.৮ সেন্টিগ্রাম

$$= \frac{৬৭.৮}{১০০} \text{ গ্রাম}$$

$$= ০.৬৭৮ \text{ গ্রাম}$$

$$= \frac{০.৬৭৮}{১০০০} \text{ কিলোগ্রাম}$$

$$= ০.০০০৬৭৮ \text{ কিলোগ্রাম}$$

∴ প্রদত্ত রাশি = ৬৭ কিলোগ্রাম ৯৮ গ্রাম ৬৭ সেন্টিগ্রাম ৮ মিলিগ্রাম

$$= ৬৭.০৯৮ \text{ কিলোগ্রাম} + ০.০০০৬৭৮ \text{ কিলোগ্রাম}$$

$$= ৬৭.০৯৮৬৭৮ \text{ কিলোগ্রাম}$$

উত্তর : ৬৭.০৯৮৬৭৮ কিলোগ্রাম।

(ঘ) 'গ' এ প্রাপ্ত ফলাফল = ৬৭.০৯৮৬৭৮ কিলোগ্রাম

$$= \frac{৬৭.০৯৮৬৭৮}{১০০} \text{ কুইন্টাল}$$

$$= ০.৬৭০৯৮৬৭৮ \text{ কুইন্টাল}$$

উত্তর : ০.৬৭০৯৮৬৭৮ কুইন্টাল।

প্রশ্ন II ৮ II একটি গুদামে ৭৮৪০০০ গ্রাম চাল ও ৪৯০০ হেক্টোগ্রাম ডাল আছে।

- (ক) চালের পরিমাণ কেজিতে প্রকাশ কর। ১
 (খ) ডালের পরিমাণ কেজিতে প্রকাশ কর। ২
 (গ) চাল ও ডালের মোট পরিমাণ কত? ২
 (ঘ) ডাল অপেক্ষা চাল কত হেক্টোগ্রাম বেশি? ৩

৮ নং প্রশ্নের সমাধান

(ক) চালের পরিমাণ = ৭৮৪০০০ গ্রাম
 $= \frac{৭৮৪০০০}{১০০০} \text{ কেজি} = ৭৮৪ \text{ কেজি}$

(খ) ডালের পরিমাণ = ৪৯০০ হেক্টোগ্রাম
 $= \frac{৪৯০০}{১০} \text{ কেজি} = ৪৯০ \text{ কেজি}$

(গ) চাল ও ডালের মোট পরিমাণ = ৭৮৪ কেজি + ৪৯০ কেজি
 $= ১২৭৪ \text{ কেজি}$

(ঘ) চালের পরিমাণ = ৭৮৪০০০ গ্রাম
 $= \frac{৭৮৪০০০}{১০০} \text{ হেক্টোগ্রাম} = ৭৮৪০ \text{ হেক্টোগ্রাম}$

∴ ডাল অপেক্ষা চাল বেশি = (৭৮৪০ - ৪৯০০) হেক্টোগ্রাম
 $= ২৯৪০ \text{ হেক্টোগ্রাম}$